# মন্ত্রিপরিষদ বিভাগের সেপ্টেম্বর ২০২৫ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: মন্ত্রিপরিষদ বিভাগ

প্রতিবেদনাধীন মাসের নাম: সেপ্টেম্বর ২০২৫ প্রতিবেদন প্রস্তুতের তারিখ: ১৩ অক্টোবর ২০২৫

**(১) প্রশাসনিক:**

ক.১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ |
|---|---|---|---|
| মন্ত্রণালয়/বিভাগ: **মন্ত্রিপরিষদ বিভাগ** | ৪১৭ | ২৮২ | ১৩৫ |
| অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: **দুর্নীতি দমন কমিশন** | ২,০৯৮ | ১,০৯৭ | ১,০০১ |
| **মোট** | ২,৫১৫ | ১,৩৭৯ | ১,১৩৬ |

ক.২ শূন্যপদের বিন্যাস

| মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা | অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ | জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি) | অন্যান্য ১ম শ্রেণির পদ | ২য় শ্রেণির পদ | ৩য় শ্রেণির পদ | ৪র্থ শ্রেণির পদ | মোট |
|---|---|---|---|---|---|---|---|
| **মন্ত্রিপরিষদ বিভাগ** | - | - | ৩৯ | ১৬ | ৪৯ | ৩১ | ১৩৫ |
| **দুর্নীতি দমন কমিশন** | - | - | ২৯১ | ২১৫ | ২৯০ | ২০৫ | ১০০১ |
| **মোট** | - | - | ৩৩০ | ২৩১ | ৩৩৯ | ২৩৬ | ১,১৩৬ |

ক.৩ অতীব গুরুত্বপূর্ণ (Strategic) পদ শূন্য থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

ক.৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

| মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা | সেপ্টেম্বর মাসে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| **মন্ত্রিপরিষদ বিভাগ** | - | - | - | - | - | - | - |
| **দুর্নীতি দমন কমিশন** | ১ | ১০ | ১১ | - | - | - | - |

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ.১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

| **মন্ত্রিপরিষদ বিভাগ** | মন্ত্রিপরিষদ সচিব | | মন্তব্য |
|---|---|---|---|
| | দেশে | বিদেশে | |
| ভ্রমণ/পরিদর্শন | - | - | - |
| | সচিব, সমন্বয় ও সংস্কার | | |
| | - | - | |
| | অতিরিক্ত সচিব | | - |
| | - | - | |
| **দুর্নীতি দমন কমিশন** | সচিব | | মন্তব্য |
| | দেশে | বিদেশে | ২৭-২৮ সেপ্টেম্বর ২০২৫ তারিখে দুর্নীতি দমন কমিশন, বিভাগীয় কার্যালয়, রংপুর এবং সমন্বিত জেলা কার্যালয়, রংপুর ও দিনাজপুর এবং নির্মাণাধীন প্রকল্প পরিদর্শন করেন। |
| ভ্রমণ/পরিদর্শন | ২ | - | |

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: প্রযোজ্য নয়।

**(২) আইন-শৃঙ্খলা বিষয়ক:** প্রযোজ্য নয়।

**(৩) অর্থনৈতিক :** প্রযোজ্য নয়।

**(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত:**

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্যসমূহ:

| প্রকল্পের নাম | বর্তমান অর্থবছরে এডিপিতে বরাদ্দ (লক্ষ টাকায়) | প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (লক্ষ টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার | মন্তব্য |
|---|---|---|---|
| 1. Support to the Central Management Committee's (CMC) Policy Guidance on Child Component of the NSSS (1st revised) | ২২৫ | ৬.৩৬ (২.৮৩ শতাংশ) | - |
| 2. Social Security Policy Support Programme (2nd revised) | ১,৫৬৮ | ৫৬১.১৪ (৩৫.৭৯ শতাংশ) | - |
| 3. Technical Support for CRVS System Improvement in Bangladesh (Phase-V) | ১২৪ | ৪.৯৮ (৪.০২ শতাংশ) | - |
| **মোট** | ১,৯১৭ | ৫৭২.৪৮ (২৯.৮৬ শতাংশ) | - |

খ. প্রকল্পের অবস্থা বিষয়ক তথ্য:

| প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসেবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো | দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা |
|---|---|---|---|
| - | - | - | - |

গ. প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা: নেই

**(৫) উৎপাদন বিষয়ক :** প্রযোজ্য নয়।

**(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান:** প্রযোজ্য নয়।

**(৭) অডিট আপত্তি:**

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য:

| মন্ত্রণালয়/ সংস্থা | অডিট আপত্তির সংখ্যা | টাকার পরিমাণ (লক্ষ টাকায়) | ব্রডশিটে জবাবের সংখ্যা | নিষ্পত্তির সংখ্যা | জের | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| মন্ত্রিপরিষদ বিভাগ | ১৮টি | ০.৬৫ | - | ২ | ১৬টি | মন্ত্রিপরিষদ বিভাগের ২০২৩-২৪ অর্থবছরের ২টি অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে। বিলুপ্ত বিভাগ উন্নয়ন বোর্ডের ১৪টি আপত্তিসহ সর্বমোট ১৬টি অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে। |
| দুর্নীতি দমন কমিশন | ২৫টি | ২০৯.৪৩ | ২টি | ৩টি | ২২টি | - |
| মোট | ৪৩টি | ২১০.০৮ | ২টি | ৫টি | ৩৮টি | - |

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

**(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা):**

| মন্ত্রণালয়/ অধিদপ্তর/ সংস্থাসমূহ | পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলা (সেপ্টেম্বর মাসের ১ তারিখে) | সেপ্টেম্বর মাসে শুরু হওয়া মামলার সংখ্যা | সেপ্টেম্বর মাসে নিষ্পন্ন মামলার সংখ্যা | | | অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা | বর্তমান অর্থবছরে মোট নিষ্পন্ন মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|
| | | | চাকরিচ্যুতি/ বরখাস্ত | অন্যান্য দণ্ড | অব্যাহতি | | |
| মন্ত্রিপরিষদ বিভাগ | ২ | - | - | - | - | ২ | - |
| দুর্নীতি দমন কমিশন | ২০ | - | - | - | - | ২০ | ২ |
| মোট | ২২ | - | - | - | - | ২২ | ২ |

**(৯) মানবসম্পদ উন্নয়ন:**

ক. প্রতিবেদনাধীন মাসে নিজস্ব উদ্যোগে প্রশিক্ষণ আয়োজন:

| মন্ত্রণালয়/সংস্থা | ক্রম | প্রশিক্ষণ কর্মসূচি | প্রশিক্ষণের মেয়াদ | অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|
| মন্ত্রিপরিষদ বিভাগ | ১. | বাজেট ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ | ১৫-২৮ সেপ্টেম্বর ২০২৫ | ২২ জন |
| দুর্নীতি দমন কমিশন | ১. | অফিস ও আর্থিক ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ | ৭-৯, ১৪-১৬, ২২-২৪ এবং ২৮-৩০ সেপ্টেম্বর ২০২৫ | ৮০ জন |
| | ২. | বেসিক কম্পিউটার অপারেশন ও রেকর্ড ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ | ৮-১০, ১৫-১৭ এবং ২২-২৪ সেপ্টেম্বর ২০২৫ | ৬০ জন |
| | ৩. | Dissemination Training | ২১ সেপ্টেম্বর ২০২৫ | ২০ জন |

মন্ত্রিপরিষদ বিভাগে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের ২০২৫-২৬ অর্থবছরের অভ্যন্তরীণ প্রশিক্ষণ (বাৎসরিক ৬০ ঘন্টা) চলমান রয়েছে।

খ. প্রতিবেদনাধীন মাসে অন্য প্রতিষ্ঠানে প্রশিক্ষণে অংশগ্রহণ:

| মন্ত্রণালয়/ সংস্থা | ক্রম | প্রশিক্ষণ কর্মসূচি | প্রশিক্ষণের মেয়াদ | উদ্যোগী সংস্থা/এজেন্সি | অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|---|
| মন্ত্রিপরিষদ বিভাগ | ১. | 27th Policy Planning & Management Course (PPMC) | ৩১ আগস্ট-১১ সেপ্টেম্বর ২০২৫ | বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র | ১ জন |
| | ২. | 115th and 116th Senior Staff Course (SSC), (মালয়েশিয়া) | ৪-১৩ সেপ্টেম্বর ২০২৫ | বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র | ১ জন |
| | ৩. | 119th Senior Staff Course (SSC), (ঢাকা) | ৭ সেপ্টেম্বর - থেকে ২১ অক্টোবর ২০২৫ | বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র | ২ জন |
| | ৪. | 2nd Leadership and Strategic Management (LSM) শীর্ষক প্রশিক্ষণ | ১৬-২৯ সেপ্টেম্বর ২০২৫ | জাতীয় উন্নয়ন প্রশাসন একাডেমি | ১ জন |
| | ৫. | Seminar on Combating Cybercrime for Bangladesh শীর্ষক দ্বিপাক্ষিক প্রশিক্ষণ | ৫-১৮ সেপ্টেম্বর ২০২৫ এবং ৫-১৮ সেপ্টেম্বর ২০২৫ | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | ৩ জন |
| | ৬. | Technology Transfer and Management in Government Office শীর্ষক অনলাইনভিত্তিক সান্ধ্যকালীন প্রশিক্ষণ | ৩১ আগস্ট-১১ সেপ্টেম্বর ২০২৫ | বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম) | ১ জন |
| | ৭. | Government Office Solutions With Google Tools অনলাইনভিত্তিক সান্ধ্যকালীন প্রশিক্ষণ | ১৬-২৯ সেপ্টেম্বর ২০২৫ | বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম) | ৩ জন |
| | ৮. | Fundamental Training Course | ১৪-২৫ সেপ্টেম্বর ২০২৫ | আঞ্চলিক লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র | ১ জন |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| দুর্নীতি দমন কমিশন | ১. | Special Course on Banking for Anti-Corruption Officers শীর্ষক প্রশিক্ষণ | ২১-২৫ সেপ্টেম্বর ২০২৫ | সোনালী ব্যাংক স্টাফ কলেজ | ৩০ জন |
| | ২. | Advanced Office Management and Digital Application শীর্ষক প্রশিক্ষণ | ১৪-২৫ সেপ্টেম্বর ২০২৫ | এনএপিডি | ১ জন |
| | ৩. | Basic Course on Cyber Security শীর্ষক প্রশিক্ষণ | ৭ সেপ্টেম্বর-১২ অক্টোবর ২০২৫ | এনএপিডি | ৫ জন |
| | ৪. | Innovation and Change Management শীর্ষক প্রশিক্ষণ | ১৪ সেপ্টেম্বর-১৮ অক্টোবর ২০২৫ | এনএপিডি | ৩ জন |
| | ৫. | Effective Anti-Corruption Policy, Strategy and Practices শীর্ষক প্রশিক্ষণ | ১-১১ সেপ্টেম্বর ২০২৫ | AIT Extention Asian Institute of Technology, Thailand | ২০ জন |

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ. মন্ত্রণালয়ে কর্মকালীন প্রশিক্ষণের ব্যবস্থা আছে কি না; না থাকলে কর্মকালীন প্রশিক্ষণ আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: নেই।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: ২৬ জন।

**(১০) উল্লেখযোগ্য সমস্যা-সংকট: নেই**

**(১১) আইন, বিধি ও নীতি প্রণয়ন এবং উল্লেখযোগ্য কার্যাবলি:**

**ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণীত হয়ে থাকলে তার তালিকা:** নেই

**খ. প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:**

(১) প্রতিবেদনাধীন মাসে উপদেষ্টা পরিষদ-বৈঠক তিনটি, সরকারি ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির ছয়টি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির পাঁচটি এবং প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির দুইটি সভা অনুষ্ঠিত হয়েছে।

(২) উপদেষ্টা পরিষদ-বৈঠকে ১০টি সিদ্ধান্ত গৃহীত হয়েছে, ২টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে, ৮টি সিদ্ধান্ত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে বাস্তবায়নাধীন রয়েছে। প্রতিবেদনাধীন মাসে ৬টি আন্তঃমন্ত্রণালয় পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

(৩) সরকারি ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির সভায় ৪৫টি প্রস্তাব গৃহীত হয়েছে এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির সভায় ৯টি প্রস্তাব গৃহীত হয়েছে।

(৪) প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভায় ২৮টি সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

(৫) সেপ্টেম্বর ২০২৫ মাসে জনপ্রশাসন বিষয়ক কমিটি পুনর্গঠন করা হয়েছে এবং কেন্দ্রীয় ব্যাংকের রিজার্ভ চুরির ঘটনা সংক্রান্ত বিষয়ের পর্যালোচনা কমিটি'র সুপারিশ দাখিলের মেয়াদ ৩১ অক্টোবর ২০২৫ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে।

(৬) ৮ সেপ্টেম্বর ২০২৫ তারিখে মন্ত্রিপরিষদ সচিবের সভাপতিত্বে প্রাক নিকার সচিব কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।

(৭) ২৩ সেপ্টেম্বর ২০২৫ তারিখে সচিব, সমন্বয় ও সংস্কার মন্ত্রিপরিষদ বিভাগের সভাপতিত্বে 'তথ্য অধিকার বিষয়ক ওয়ার্কিং গ্রুপ (কেন্দ্রিয় পর্যায়)-এর সভা অনুষ্ঠিত হয়েছে।

(৮) ২০২১ এবং ২০২২ সালে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের সারসংক্ষেপ, বিজ্ঞপ্তি এবং কার্যবিবরণীসমূহ মোট ৭৬ খণ্ড বাঁধাইয়ের জন্য বাংলাদেশ সরকারি মুদ্রণালয়ে (বিজি প্রেস) প্রেরণ করা হয়েছে।

(৯) ৩ সেপ্টেম্বর ২০২৫ তারিখে এস.আর.ও. নম্বর ৩৫৭-আইন/২০২৫-এর মাধ্যমে Rules of Business, 1996-এর rule 3-এর sub-rule (i) এ প্রদত্ত ক্ষমতাবলে 'Public Security Division' ও 'Security Services Division'-কে 'MINISTRY OF HOME AFFAIRS (স্বরাষ্ট্র মন্ত্রণালয়)' নামে পুনর্গঠন করা হয়েছে।

(১০) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত আইনের খসড়াসমূহের ভাষাগত উৎকর্ষ সাধন, বিষয়গত যথার্থতা এবং সংশ্লিষ্ট আইনের সঙ্গে সামঞ্জস্য ও সঙ্গতি বিধানের লক্ষ্যে 'আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটি'র ১১টি সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত অনুযায়ী ৭টি অধ্যাদেশ উপদেষ্টা পরিষদ-বৈঠকে উপস্থাপনের জন্য সুপারিশ করা হয়েছে।

(১১) সেপ্টেম্বর ২০২৫ মাসে কমিশনার মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে এবং উক্ত সমন্বয় সভায় ২০টি সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

(১২) কমিশনার ও মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত আগস্ট দ্বিতীয় ও সেপ্টেম্বর প্রথম পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত দু'টি সারসংক্ষেপ মাননীয় প্রধান উপদেষ্টা সমীপে উপস্থাপন করা হয়েছে।

(১৩) মন্ত্রিপরিষদ বিভাগের সঙ্গে সকল জেলা প্রশাসকের জুম প্ল্যাটফর্মে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

(১৪) মন্ত্রণালয় ও বিভাগসমূহের কার্যাবলি সম্পর্কিত আগস্ট ২০২৫ মাসের প্রতিবেদনের সারসংক্ষেপ মাননীয় প্রধান উপদেষ্টার নিকট প্রেরণ করা হয়েছে।

(১৫) সেপ্টেম্বর ২০২৫ মাসে মাঠ প্রশাসনের কর্মকর্তাদের বিরুদ্ধে ২৫টি অভিযোগ পাওয়া গেছে। উক্ত অভিযোগসমূহের বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৬) সেপ্টেম্বর ২০২৫ মাসে মাঠ প্রশাসনের কর্মকর্তাদের বিরুদ্ধে ২০টি অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে। নিষ্পত্তিকৃত অভিযোগসমূহের মধ্যে ১৩টি অভিযোগ তদন্তপূর্বক প্রাথমিকভাবে প্রমাণিত না হওয়ায় নথিজাতপূর্বক নিষ্পত্তি করে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে অবহিত করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগে সরাসরি দাখিলকৃত ৫টি অভিযোগ তদন্তপূর্বক প্রাথমিকভাবে প্রমাণিত না হওয়ায় নথিজাত করা হয়েছে।

(১৭) সাতক্ষীরা মেডিকেল কলেজ হাসপাতালের অভ্যন্তরে একটি 'ক্যান্সার রোগ নির্ণয় ও চিকিৎসা কেন্দ্র' স্থাপন বিষয়ে স্বাস্থ্য সেবা বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে।

(১৮) 'মা ইলিশ সংরক্ষণ অভিযান-২০২৫' সফল করার লক্ষ্যে সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারদের পত্র প্রেরণ করা হয়েছে।

(১৯) অবৈধ ইটভাটা বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সকল জেলা প্রশাসককে পত্র প্রেরণ করা হয়েছে।

(২০) নিবন্ধনবিহীন ভুয়া হাকীম/কবিরাজগণের চিকিৎসাসেবা প্রদান বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সকল জেলা প্রশাসককে পত্র প্রেরণ করা হয়েছে।

(২১) 'টাইফয়েড টিকাদান ক্যাম্পেইন, ২০২৫' যথাযথভাবে উদ্‌যাপনের লক্ষ্যে সকল বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারকে পত্র প্রেরণ করা হয়েছে।

(২২) 'বিশ্ব বসতি দিবস ২০২৫' উদ্‌যাপন উপলক্ষ্যে সকল কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(২৩) ১৮ সেপ্টেম্বর ২০২৫ তারিখে সচিব, সমন্বয় ও সংস্কার মন্ত্রিপরিষদ বিভাগের সভাপতিত্বে সিলেট জেলার কোম্পানীগঞ্জ উপজেলার ভোলাগঞ্জ হতে অবৈধভাবে সাদাপাথর উত্তোলনের বিষয়ে গঠিত কমিটির পঞ্চম সভা অনুষ্ঠিত হয়েছে।

(২৪) বিভিন্ন আইনে বিসিএস (প্রশাসন) ক্যাডারভুক্ত ৩৮২ জন কর্মকর্তার অনুকূলে মোবাইল কোর্ট আইন ২০০৯ এর ৫ ধারা অনুযায়ী মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা অর্পণের সম্মতি জ্ঞাপন করা হয়েছে।

(২৫) আইন-[redacted]উপদেষ্টা পরিষদ কমিটির ১৪তম সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে ব্যবস্থা গ্রহণের বিষয়ে বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগণকে পত্র প্রেরণ করা হয়েছে।

(২৬) ফৌজদারি কার্যবিধি-১৮৯৮-এর আওতাধীন ২০২৩ সাল পর্যন্ত দায়েরকৃত অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আদালত এবং এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আদালতের দীর্ঘমেয়াদি অনিষ্পন্ন মামলার তথ্য পর্যালোচনা ও পরিবীক্ষণ করা হয়েছে। উক্ত তথ্য মন্ত্রিপরিষদ বিভাগের মাসিক সমন্বয় সভা এবং বিভাগীয় কমিশনার মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করা হয়েছে।

(২৭) ফৌজদারি কার্যবিধি-১৮৯৮-এর আওতাধীন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আদালত এবং এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আদালতের চলমান মামলা পরিচালনার তথ্য পর্যালোচনাপূর্বক পরিবীক্ষণ করা হয়। উক্ত তথ্য মন্ত্রিপরিষদ বিভাগের মাসিক সমন্বয় সভায় এবং উক্ত তথ্যের আলোকে প্রস্তুতকৃত প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহের (KPI) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগের মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করা হয়েছে।

(২৮) GRS সফট্ওয়্যার হতে সেপ্টেম্বর ২০২৫ মাসে মন্ত্রণালয়/বিভাগের মোট ৫২৫টি এবং ৬৪টি জেলায় মোট ২৫৭টি অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে। এ সফট্ওয়্যারের মাধ্যমে ২০২৫ সালের ১ অক্টোবর পর্যন্ত সারাদেশে মোট ২৮,৬৫৬টি অভিযোগ দাখিল হয়েছে এবং ১৮,৬৯৮টি অভিযোগ নিষ্পত্তি হয়েছে। নিষ্পত্তির হার ৬৫.২৫ শতাংশ।

(২৯) সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি/ Governance Performance Monitoring System (GPMS)-বাস্তবায়নের লক্ষ্যে কারিগরি কমিটি গঠন করা হয়েছে।

**গ. আগামী (অক্টোবর-নভেম্বর ২০২৫) দুই মাসে সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:**

(১) উপদেষ্টা পরিষদ-বৈঠক, জাতীয় পুরস্কার সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি, নিরাপত্তা সংক্রান্ত জাতীয় কমিটি, উপদেষ্টা পরিষদ কমিটি/পরিষদ/কমিশন/অন্যান্য কমিটি গঠন/পুনর্গঠন।

(২) সরকারি ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি, প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি এবং আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটি'র সভা আয়োজন।

(৩) উপদেষ্টা পরিষদ-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন-অগ্রগতি পর্যালোচনার জন্য ১৬টি আন্তঃমন্ত্রণালয় সভা আয়োজন।

(৪) ২০২৩ ও ২০২৪ সালে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের সারসংক্ষেপের খণ্ড বিন্যাস, কার্যবিবরণীর সূচি তৈরি এবং বিজ্ঞপ্তি ও কার্যবিবরণীর খণ্ডসমূহে পৃষ্ঠা নম্বর প্রদান।

(৫) জেলা সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স কমিটির ২০৭তম সভা আয়োজন।

(৬) প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (নিকার)-এর ১১৭তম সভা আয়োজন।

ড. শেখ আব্দুর রশীদ
মন্ত্রিপরিষদ সচিব

মন্ত্রিপরিষদ বিভাগ
রিপোর্ট শাখা

**বিষয়: মন্ত্রিপরিষদ বিভাগের ২০২৫ সালের সেপ্টেম্বর মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন।**

মন্ত্রিপরিষদ বিভাগের সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী মন্ত্রিপরিষদ বিভাগের কার্যাবলি সংক্রান্ত মাসিক প্রতিবেদন প্রতি মাসে এ বিভাগের ওয়েবসাইটে আপলোড করা হয়।

২। বর্ণিত অবস্থার পরিপ্রেক্ষিতে, মন্ত্রিপরিষদ বিভাগের **২০২৫ সালের সেপ্টেম্বর** মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্তি:** মন্ত্রিপরিষদ বিভাগের কার্যাবলি সম্পর্কিত সেপ্টেম্বর ২০২৫ মাসের মাসিক প্রতিবেদন।

**সকল সংযুক্তিসমূহ:**

(১) মন্ত্রিপরিষদ বিভাগের কার্যাবলি সম্পর্কিত সেপ্টেম্বর ২০২৫ মাসের মাসিক প্রতিবেদন।
(২) মন্ত্রিপরিষদ বিভাগের কার্যাবলি সম্পর্কিত সেপ্টেম্বর ২০২৫ মাসের মাসিক প্রতিবেদন।

১৬-১০-২০২৫
মোঃ আক্তারুজ্জামান
সিনিয়র সহকারী সচিব
২২৬৬৪১০৬৯

সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মন্ত্রিপরিষদ বিভাগ।

---

**ইউ ও নোট নম্বর:** ০৪.০০.০০০০.০০০.৩২১.১৬.০০০১.২৫.৯১

তারিখ: ৩১ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
১৬ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ